**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ ঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ/০৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ।**

**এস.আর.ও. নং ১৬০-আইন/২০১২/২৩৮৮/কাস্টমস।**– Customs Act, 1969 (Act IV of 1969) এর section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, অত্র বিভাগের ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ১০ জুন, ২০১০ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৭৬-আইন/২০১০/২২৯৪/শুল্ক রহিত করিয়া, উক্ত Act এর FIRST SCHEDULE ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নের TABLE এর কলাম (1) এ বর্ণিত H.S.Code এর আওতাভুক্ত কলাম (2) এ উলিখিত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণকে উহাদের উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (যদি থাকে) হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিলঃ-

**শর্ত**

(১) TABLE এ উল্লিখিত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ বিনিয়োগ বোর্ড অথবা পশু সম্পদ অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত হাঁস-মুরগির খামার কর্তৃক আমদানিকৃত হইতে হইবে;

(২) আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ শুধু উক্ত নিবন্ধিত হাঁস-মুরগির খামারেই স্থাপন অথবা ব্যবহার করিতে হইবে এবং এই মর্মে আমদানিকারক ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পরিশিষ্ট-১ অনুযায়ী একটি অঙ্গীকারনামা সংশিষ্ট কমিশনার অব কাস্টমস এর নিকট দাখিল করিবেন;

(৩) পণ্যচালান খালাসের ৬ (ছয়) মাসের মধ্যে আমদানিকৃত পণ্যসমূহ নিবন্ধিত হাঁস-মুরগির খামার স্থাপন অথবা ব্যবহার করা হইয়াছে কিনা উহা ব্রিডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ সরেজমিনে তদন্তপূর্বক উক্ত

এসোসিয়েশনের সভাপতি অথবা সাধারণ সম্পাদকের স্বাক্ষরে উহার প্যাডে পরিশিষ্ট-২ অনুযায়ী একটি প্রত্যয়নপত্র পরবর্তী ১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট কাস্টম হাউস/কাস্টম ষ্টেশনের কমিশনার বরাবর প্রেরণ করিবেন; এবং

(৪) শর্ত (৩) এ উলিখিত প্রতিবেদন প্রাপ্তির পর যদি দেখা যায় যে, আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ আমদানিকারক-প্রতিষ্ঠানে ব্যবহৃত হইয়াছে, তাহা হইলে শর্ত (২) অনুযায়ী প্রদত্ত অঙ্গীকারনামা ফেরতযোগ্য হইবে, অন্যথায় প্রযোজ্য হারে শুল্ক ও করাদি আমদানিকারকের নিকট হইতে আদায়যোগ্য হইবে।

**TABLE**

| **H. S. Code** | **Description** |
|---|---|
| **(1)** | **(2)** |
| 3917.23.90 | Bent PVC tube/PVC tube |
| 3921.19.90 | HDPE sheet |
| 3921.19.90 | Plastic nest bottoms |
| 3921.90.99 | Bubble sheet |
| 3923.10.00 | Nest boxes |
| 3923.90.10 | Trays for transportation and keeping of chicks and eggs |
| 3923.90.20 | Nursery trays for seedlings |
| 3926.90.99 | Non-breathing curtain, black and/or white |
| 3926.90.99 | Curtain drop |
| 3926.90.99 | Feed tube with slots |
| 3926.90.99 | Griled feed tube |
| 3926.90.99 | Nest pads |
| 3926.90.99 | Plastic Pan feeder with grill |
| 3926.90.99 | Poultry plastic slats |
| 3926.90.99 | PVC end drop |
| 3926.90.99 | Rooster Feeder Assembly Box |
| 3926.90.99 | Scissor hanger kit |
| 3926.90.99 | Set of hanging accessories |
| 5607.90.00 | Polyester cord |
| 7216.69.00 | 90-DEG Corner |

| | |
|---|---|
| 7306.90.00 | Nipple Pipes |
| 7306.90.00 | Support Pipe |
| 7307.99.00 | Coupler |
| 7307.99.00 | Nipple assembly |
| 7307.99.00 | Trough Coupler |
| 7308.90.00 | Clamps |
| 7310.21.90 | Feed hopper |
| 7310.21.90 | Feed hopper |
| 7310.21.90 | Feed silos |
| 7310.21.90 | Hoppers, hopper extension package |
| 7312.90.00 | Hook lagged thread |
| 7314.49.00 | Feeder grill for male restriction |
| 7315.89.00 | Breeder feeder chain |
| 7318.15.00 | Lag thread eyebolt |
| 7326.90.90 | Feeder trough |
| 7326.90.90 | Flexible auger |
| 7326.90.90 | Flexible auger for feedlines |
| 7326.90.90 | Grilled feed control unit |
| 7326.90.90 | House fitting kit |
| 7326.90.90 | Leg stands |
| 7326.90.90 | Slat supports made of steel, plastic, or wood |
| 7326.90.90 | Steel flexible auger |
| 7607.20.99 | Aluminium foil sadwich sheet |
| 8204.12.00 | Nipple wrench |
| 8205.59.00 | Chain tool |
| 8307.90.00 | Hose pipe |
| 8414.51.90 | Fan with bousing |
| 8414.90.10 | Air vent assembly |
| 8414.90.10 | Belt drive fan motor with accessory packages |
| 8415.90.90 | Evaporative base kit |
| 8415.90.90 | Shulter |
| 8418.61.90 | Recirculating cooling systems |
| 8418.99.90 | Evaporative cooling pab/evaporative cooling pump/Recirculating sump system/Wrrp around cooling kit |

| | |
|---|---|
| 8421.39.90 | Filter & filter medicator manifold |
| 8421.39.90 | Filter cartridge |
| 8421.39.90 | Filters, medicators |
| 8423.90.00 | Counter weight |
| 8424.90.00 | Cable adjuster for winch drop |
| 8425.39.00 | Winch system |
| 8425.39.00 | Winch system |
| 8425.39.00 | Winch system |
| 8425.39.00 | Winching system |
| 8428.39.00 | Unloaded |
| 8431.10.00 | Winch kits |
| 8483.40.00 | Gearbox |
| 8483.50.00 | Nylon split strap pulley/pulley with eyebolt |
| 8483.50.00 | Pulley assembly/Cast iron pulley with needle |
| 8483.50.00 | Pulleys |
| 8487.90.00 | End kit assembly |
| 8487.90.00 | Litter removing system |
| 8487.90.00 | Medicator |
| 8487.90.00 | Power drive unit for chain feeding |
| 8487.90.00 | Suspension pack |
| 8531.80.00 | Alam-high/low temperature |
| 8536.49.00 | Relay panel |
| 8537.10.00 | Control panel |
| 8544.19.90 | Cable |
| 8544.19.90 | Galvanized cable |
| 8548.90.90 | Drive unit with motor |
| 8548.90.90 | Power drive unit |
| 8548.90.90 | Power drive unit with motor and gear reducer |
| 8548.90.90 | Swedged conduit |
| 9028.20.00 | Water meter |
| 9028.20.00 | Water pressure meter |
| 9032.10.00 | Thermostat, sensors |
| 9032.89.00 | Control box for drive unit |
| 9032.89.00 | Multi-stage control |

9032.89.00 Regulator

**পরিশিষ্ট-১**

**অঙ্গীকারনামা**

**[শর্ত (২) দ্রষ্টব্য]**

আমি ------------------------------------ (নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ---------------------------------------------------------------------------- (প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা ) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, ঋণপত্র নং---------- --------------------- তারিখ ঃ--------------- ইনভয়েস নং------------------- তারিখ ঃ ----------------- বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং ---------------------- তারিখ ঃ ----------------- এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ উলিস্নখিত হাঁস-মুরগীর খামারে সুষমকরণ, আধুনিকীকরণ, প্রতিস্থাপণ এবং সম্প্রসারণ (বিএমআরই)-এর সকল বা যে কোন কাজে ব্যবহার করিব এবং উহার কোন ব্যত্যয় হইলে আমদানিকৃত উক্ত পণ্যের উপর প্রযোজ্য হারে শুল্ক ও কর পরিশোধ ছাড়াও Customs Act, 1969 এর অধীনে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অন্য যে কোনো শাস্তি মানিয়া নিতে বাধ্য থাকিব।

স্বাক্ষর ঃ ........................................................

তারিখ ঃ

মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম ঃ ......................

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ .................................

**পরিশিষ্ট-২**

**প্রত্যায়ন পত্র**

**[শর্ত (৩) দ্রষ্টব্য]**

এই মর্মে প্রত্যায়ন করা যাইতেছে যে, মেসার্স ---------------------------------- ---------------------------------------------------------------------------------- (সম্পূর্ণ ঠিকানা দিতে হইবে) বিনিয়োগ বোর্ড বা পশু সম্পদ অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত একটি হাঁস-মুরগির খামার। এই শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ঋণপত্র নং ---------------------- তারিখ ঃ -------------------- ইনভয়েস নং ------------------------ তারিখ ঃ ---------- -------- বিল অব এন্ট্রি নং ----------------------- তারিখ ঃ ---------------------- এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ বা উহার অংশবিশেষ (অংশবিশেষ ব্যবহৃত হইলে উক্ত ব্যবহৃত অংশের পরিমাণ উল্লেখ করিতে হইবে) উল্লিখিত খামারের সুষমকরণ, আধুনিকীকরণ, প্রতিস্থাপন ও সম্প্রসারণ (বি এম আর ই) এর সকল বা যে কোন কাজে ব্যবহার করা হইয়াছে/হয় নাই।

স্বাক্ষর ঃ ...........................................

নাম ঃ  .............................................

তারিখ ঃ

পদবী ঃ সভাপতি/সাধারণ সম্• াদক,
ব্রিডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ।

সীল ঃ

০২। এই প্রজ্ঞাপন ১৭ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১২ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**স্বাক্ষরিত/-**
(মোঃ নাসির উদ্দিন)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।